

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৪৯) মুকীম অবস্থায় মোজার উপর মাসেহ করে সফর আরম্ভ করলে কি সফরের সময়সীমা অনুযায়ী আমল করতে হবে?

মুকীম অবস্থায় কোন লোক যদি মোজার উপর মাসেহ করে এরপর সফর করে, তবে সে সফরের সময়সীমা অনুযায়ী আমল করবে, এটাই বিশুদ্ধ মত। বিদ্বানদের মধ্যে কেউ উল্লেখ করেছেন, মুকীম অবস্থায় মাসেহ করে সফর করলে মুকীমের সময় সীমা অনুসরণ করবে। কিন্তু প্রথম কথাটিই বিশুদ্ধ। কেননা সফর করার পূর্বে এই লোকের মাসেহ করার সময় সীমা তো অবশিষ্ট রয়েছে, তারপর সে সফর করেছে। অতএব সে মুসাফিরের অন্তর্ভুক্ত হবে এবং তিন দিন তিন রাত মাসেহ করবে। উল্লেখ্য যে, ইমাম আহমাদ (রহঃ) দ্বিতীয় মত পোষণ করে পরবর্তীতে প্রথম মত পোষণ করেছেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=680

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন